

এইচএসসিতে অনুপস্থিত ১৪৯৮৮, বহিকার ২৭

নিজস্ব প্রতিবেদক, ঢাকা

০১ এপ্রিল ২০১৯, ২০:১০
আপডেট: ০১ এপ্রিল ২০১৯, ২০:১৮




এইচএসসি ও সমমানের পরীক্ষা শুরু হয়েছে। পরীক্ষা দিচ্ছেন পরীক্ষার্থীরা। সিলেট সরকারি মহিলা কলেজ, সিলেট, ১ এপ্রিল। ছবি: আনিস মাহমুদ

উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) ও সমমানের পরীক্ষার প্রথম দিনে আজ সোমবার সারা দেশে ১৪ হাজার ৯৮৮

জন পরীক্ষার্থী অনুপস্থিত ছিলেন। আর অসদুপায় অবলম্বনের দায়ে বাহিকার করা হয় ২৭ জনকে। বাহিক্ত পরীক্ষার্থীদের মধ্যে ২২ জনই কারিগরি শিক্ষা বোর্ডের অধীন।

আন্তশিক্ষা বোর্ড সমন্বয় সাবকমিটি এই তথ্য জানিয়েছে। অনুপস্থিত পরীক্ষার্থীদের মধ্যে ১০ হাজার ১৬০ জন আটটি সাধারণ শিক্ষা বোর্ডের অধীন এইচএসসির পরীক্ষার্থী। বাকিদের মধ্যে ২ হাজার ৬১৪ জন মাদ্রাসার ও ২ হাজার ২১৪ জন কারিগরি শিক্ষা বোর্ডের অধীন।



প্রশ্নপত্র ফাঁস রোধ ও নকলমুক্ত পরিবেশে পরীক্ষা গ্রহণের জন্য শিক্ষা মন্ত্রণালয় আগেই বিভিন্ন ধরনের ব্যবস্থা নেওয়ার কথা জানায়। আজ সকালে রাজধানীর সিদ্ধেশ্বরী গার্লস কলেজ কেন্দ্রে পরিদর্শন করেন শিক্ষামন্ত্রী দীপু মনি। এ সময় উপস্থিত ছিলেন শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী।

নিয়মিত ও অনিয়মিত মিলিয়ে এবার এইচএসসি ও সমমানে আটটি সাধারণ শিক্ষা বোর্ড, মাদ্রাসা ও কারিগরি বোর্ড মিলিয়ে মোট পরীক্ষার্থী ১৩ লাখ ৫১ হাজার ৫০৫ জন। এর মধ্যে আটটি সাধারণ শিক্ষা বোর্ডের অধীনে শুধু এইচএসসি পরীক্ষার্থী ১১ লাখ ৩৮ হাজার ৭৪৭ জন। তবে আজ সব পরীক্ষার্থীর পরীক্ষা ছিল না।

বরাবরের মতো এবারও পরীক্ষা শুরু হওয়ার ৩০ মিনিট আগে কেন্দ্রে পরীক্ষার্থীদের আসন গ্রহণ করতে হচ্ছে। আর পরীক্ষা শুরুর মাত্র ২৫ মিনিট আগে কোন সেট প্রশ্নপত্রে পরীক্ষা হবে, তা নির্ধারণ করে জানানো হচ্ছে। পরীক্ষা কেন্দ্রে দায়িত্ব পালনকারী ব্যক্তিদের মধ্যে শুধু কেন্দ্র সচিব সাধারণ মানের একটি ফোন ব্যবহার করতে পারবেন। অন্য কেউ মোবাইল ফোন বা অননুমোদিত ইলেকট্রনিকস যন্ত্র ব্যবহার করতে পারবেন না।

এইচএসসির নিখিত পরীক্ষা শেষ হবে ১১ মে। এরপর ১২ থেকে ২১ মের মধ্যে ব্যবহারিক পরীক্ষা শেষ করতে হবে।